# নির্বাচন নিয়ে বিদেশি চাপ নেই, কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিক: পররাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

বাংলাদেশের নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ নিজস্ব উদ্যোগে পরিচালিত হচ্ছে এবং এ নিয়ে আন্তর্জাতিক মহল থেকে কোনো ধরনের চাপ নেই বলে জানিয়েছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। তিনি বলেন, বহির্বিশ্বের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক স্বাভাবিক ও সৌহার্দ্যপূর্ণ রয়েছে।

শনিবার ৩ জানুয়ারি মুন্সিগঞ্জে সরকারি দপ্তরপ্রধানদের সঙ্গে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। পররাষ্ট্র উপদেষ্টা জানান, নির্ধারিত সময়ের মধ্যেই নির্বাচন আয়োজন করা হবে এবং আগামী ১২ ফেব্রুয়ারি নির্বাচিত সরকারের কাছে দায়িত্ব হস্তান্তরের লক্ষ্য রয়েছে। ফলে নির্বাচন ঘিরে আন্তর্জাতিক চাপের প্রশ্নই ওঠে না।

ওসমান হাদি হত্যাকাণ্ড প্রসঙ্গে তিনি বলেন, বিচার প্রক্রিয়াকে তাড়াহুড়া করে এগোনোর সুযোগ নেই। এই ঘটনায় জড়িতদের দেশে ফিরিয়ে আনতে সরকার কাজ করছে। প্রাথমিকভাবে জানা গেছে, সংশ্লিষ্টরা ভারতে অবস্থান করছে, তবে তাদের সুনির্দিষ্ট অবস্থান এখনো নিশ্চিত হওয়া যায়নি। অবস্থান জানা গেলে ভারত সরকারকে আনুষ্ঠানিকভাবে সহযোগিতার অনুরোধ জানানো হবে।

LENS ASIA

তিনি আরও বলেন, বিচার কোনো নির্দিষ্ট সময়সীমার মধ্যে বেঁধে দেওয়া যায় না। তবুও সরকারের পক্ষ থেকে সর্বোচ্চ চেষ্টা থাকবে, যেন আসামিদের দ্রুত আইনের আওতায় আনা যায়।

এর আগে সকালে পররাষ্ট্র উপদেষ্টা মুন্সিগঞ্জের জুলাই শহীদ স্মৃতিস্তম্ভে শ্রদ্ধা নিবেদন করেন এবং ৪ আগস্ট নিহত তিন শহীদের কবর জিয়ারত করেন। এ সময় জেলা প্রশাসক সৈয়দা নুরমহল আশরাফী, পুলিশ সুপার মেনহাজুল ইসলামসহ জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।